দৈনিক ইনকিলাব

তারিখ ... 7 AUG 1990 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 2 ...

26

২৭

## শিক্ষাঙ্গন

### সবার জন্য শিক্ষা

আগামী ২০০০ সাল নাগাদ বাংলাদেশের সকল ৬-১০ বছর বয়সী শিশুদের স্কুলগামী করে তোলার লক্ষ্যে ব্যাপক কর্মসূচীর কথা দীর্ঘদিন ধরে আলোচিত হচ্ছে। সরকারও এ ব্যাপারে বেশ সোচ্চার। দু' হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষার উদ্দেশ্যে ব্যাপক কর্মসূচীর কথাও শোনা যাচ্ছে। বাস্তবে কিছু কিছু কর্মসূচী গ্রহণও করা হয়েছে। এসব কর্মসূচী দেশের শিক্ষার হার যৎকিঞ্চিৎ বৃদ্ধি করতে সক্ষম হলেও মূলতঃ উল্লেখযোগ্য কোন পরিবর্তন সাধন করতে পারেনি। প্রায় ১১ কোটি জনসংখ্যা অধ্যুষিত বাংলাদেশের শিক্ষার হার বর্তমানে প্রায় ৩০% মাত্র। সবার জন্য শিক্ষা শ্লোগানযুক্ত গালভরা বুলি আমাদের সকলকে আনন্দ দেয়, সবার মনে আশার সঞ্চার করে যে, অচিরেই দেশের ঘরে ঘরে শিক্ষার আলো পৌঁছে যাবে এবং সেই সাথে বেড়ে যাবে জাতীয় উন্নতি। কারণ শিক্ষা ও জাতীয় উন্নতি একে অপরের সাথে ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত।

বর্তমান বিজ্ঞানের যুগে এবং আধুনিক প্রযুক্তি প্রয়োগে সভ্যতার বিকাশ দ্রুততর হচ্ছে। তার কারণ, মানুষ উত্তরোত্তর নিজেদেরকে শিক্ষিত করে তুলছে, তাদের জ্ঞানের পরিসীমা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। একজন শিক্ষিত ব্যক্তি তার জ্ঞান দ্বারা নিজের মঙ্গল চিন্তা করতে গিয়ে এবং নিজের উন্নতির জন্যে সে জ্ঞানকে কাজে লাগাতে গিয়ে সে নিজের উন্নতি তো করেই, সেই সাথে তার আশেপাশের অন্যদের জন্যও উন্নতির দুয়ার খুলে দেয়।

তেমনিভাবে একক এলাকার লোকজন যদি শিক্ষিত হয়ে উঠে এবং নিজেদের শিক্ষা এবং চিন্তা-ভাবনা সমাজের অভ্যন্তরে ব্যাপকভাবে ছড়িয়ে দেয় তবে সমাজের সকলের জন্যেই তা মঙ্গলময় হয়ে উঠে। এমনিভাবে একটি সমাজের কিংবা একটি জাতির সকলেই যদি শিক্ষিত হয়ে উঠে তবে নিশ্চিন্তে বলা যায়, সে জাতির উন্নতি অবশ্যম্ভাবী।

বাংলাদেশে শতকরা যে ৩০ ভাগ লোক শিক্ষিত তাতে কিয়দংশ লোকের মধ্যে প্রগতির চিন্তার বীজ বপন করতে পারলেও প্রকৃতপক্ষে ব্যাপক পরিমাণ লোকই থেকে যাচ্ছে অজ্ঞ এবং অশিক্ষিত। তাদের কাছে উন্নতিই কি আর অবনতিই কি—সবই তাদের কাছে সমান।

কিন্তু পরিকল্পনার কথা ঘোষণা করা এবং তা বাস্তবায়িত করা দু'টি ভিন্ন দিক। যদি ঘোষণা দিয়েই দায়িত্ব শেষ বলে ক্ষান্ত দেয়া হয় তবে সে ক্ষেত্রে তাকে ফাঁকা বুলি ছাড়া আর কিই বা বলা যায়? সুতরাং কর্মসূচী ঘোষণার পর থেকেই যদি কাজ শুরু করা যায় এবং উত্তরোত্তর সে কাজের অগ্রগতি বৃদ্ধি পেতে থাকে তবেই ধরে নিতে হবে পরিকল্পনা বাস্তবায়িত হতে যাচ্ছে। এর জন্যে প্রয়োজন সরকারের সাথে সর্বস্তরের জনগণের এবং দলমত-নির্বিশেষে সকলের ঐকান্তিক সদিচ্ছা এবং জাতীয় উন্নতির লক্ষ্যে সকলের একযোগে কাজ করার সুস্থ মানসিকতা।

—নফিজ উদ্দিন খান